

B.A. PART-III (GENERAL) EXAMINATION, 2021

Subject : Sanskrit

Paper : IV

(New and Old Syllabus)

Time : 2 hours

Full Marks : 50

The figures in the margin indicate full marks.

Candidates are required to give the answers in their own words as far as practicable.

1. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 10×2=20
- (ক) “কথং তে ভূতিরिति”—কে কাকে একথা বলেছিল? বর্ণিত কাহিনীটি বিবৃত কর।
- (খ) রাজার প্রাত্যহিক কৃত্যগুলি কী কী? রাজধর্মে বিনয় শিক্ষার গুরুত্ব লিপিবদ্ধ কর। পুরাণে উদ্ধৃত বিনীত ও অবিনীত রাজার পরিণাম বর্ণনা কর।
- অথবা
- ‘সর্বতেজোময়ো হি সঃ’—কে সর্বতেজোময় এবং কেন? রাজার উৎপত্তির ঐশ্বরিক মতবাদ আলোচনা কর।
- (গ) ‘পঞ্চাঙ্গ মন্ত্র’ কী? অর্থশাস্ত্রকারের মতানুসারে প্রতিটি অঙ্গ আলোচনা কর।
- (ঘ) অলংকারের ব্যুৎপত্তিগত অর্থ কী? উদাহরণসহ নিদর্শনা ও দৃষ্টান্ত অলংকারের পার্থক্য নিরূপণ কর।
2. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোন ছটি প্রশ্নের উত্তর দাও : 5×6=30
- (ক) প্রসঙ্গ উল্লেখপূর্বক সরল সংস্কৃতে ব্যাখ্যা কর।
“অদ্যাৎ কাকঃ পুরোডাশং শ্বাবলিহ্যাদ্বিস্তথা।
স্বাম্যঞ্চ ন স্যাৎ কস্মিংশ্চিৎ প্রবর্তেতাধরোত্তরম্।।”
- (খ) ঋষি, ছন্দ এবং দেবতা উল্লেখপূর্বক অনুবাদ কর।
“অক্ষৈর্মা দীব্যঃ কৃষিমিত্ কৃষস্ব
বিত্তে রমস্ব বহু মন্যমানঃ’।
তত্র গাবঃ কিতব তত্র জায়া
তন্মে বিচষ্টে সবিতায়মর্যঃ।।”
- (গ) ‘সংগচ্ছধ্বং সংবদধ্বং’—কোন সূক্ত থেকে এই অংশটি উদ্ধৃত হয়েছে? এই অংশটির অর্থ কী? ঐ সূক্তে ঋষির অভিমতটি ব্যক্ত কর।

- (ঘ) কোন্ অলংকারের বাচ্য ও প্রতীয়মান নামক বিভাগ দেখা যায়? ঐ অলংকারের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
- (ঙ) ‘কুলং দহতি রাজাগ্নিঃ সপশুদ্রব্যসঞ্চয়ম্’—উৎস নির্দেশপূর্বক উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।
- (চ) সন্ধি এবং বিগ্রহ বলতে কী বোঝ? অর্থশাস্ত্রানুসারে সন্ধি ও বিগ্রহ সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর।
- (ছ) টীকা লেখ—যোগক্ষেম।
- (জ) ব্যাখ্যা কর—‘মন্ত্রপূর্বাঃ সর্বারম্ভাঃ।’
-